'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2022

## CC13-BENGALI

### নির্বাচিত বাংলা ছোটগল্প

Time Allotted: 2 Hours    Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ    ৩×৪ = ১২

(ক) 'বোষ্টমী' গল্পে আনন্দী কে ? কেন তিনি গৃহত্যাগ করেছিলেন ?

(খ) 'ছিন্নমস্তা' গল্পে ছিন্নমস্তা কে ? তার পরিচয় অনধিক চার লাইনে ব্যক্ত করো।

(গ) 'পুঁইমাচা' গল্পে বর্ণিত চরিত্রগুলির নাম লেখো।

(ঘ) ''জগতে কেউ তাহাকে ভালোবাসে না – কেবল ভালোবাসে তাহার মৌরীফুল।'' – গল্পটি কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত ? কার সম্পর্কে বলা হয়েছে এবং কেন বলা হয়েছে ?

(ঙ) 'মেঘ ও রৌদ্র' গল্পের কেন্দ্রীয় চরিত্রগুলির নাম লেখো। গল্পটি কত সালে কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

(চ) 'রস' গল্পটি কোন্ পত্রিকায় এবং কত সালে প্রকাশিত হয় ? এই গল্পের দুটি নারী চরিত্রের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ    ৬×৪ = ২৪

(ক) ছোটগল্প হিসেবে 'শাস্তি' গল্পের সার্থকতা সংক্ষেপে বিচার করো।

(খ) 'শুধু কেরানী' গল্পের শুরু ও শেষে পাখির নীড়ের দুটি রূপক ব্যবহার করা হয়েছে। এই রূপকের তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) 'এক পো দুধ' গল্পে নিম্ন মধ্যবিত্ত মানুষের জীবন যাপনের যে চিত্র শিল্পরূপ পেয়েছে তা বিবৃত করো।

(ঘ) 'মেঘ ও রৌদ্র' গল্পের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঙ) 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পটি 'লিরিকধর্মী গল্প' — বিষয়টি পরিস্ফুট করো।

(চ) আশাপূর্ণা দেবীর 'ইজ্জত' গল্পে বর্ণিত পুরুষতান্ত্রিক সমাজব্যবস্থার স্বরূপ উন্মোচন করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ    ১২×২ = ২৪

(ক) 'অতিথি' গল্পের নামকরণের অনুষঙ্গে তারাপদ চরিত্রের পরিচয় দাও।

(খ) '' 'প্রকৃতি ও মানুষ' একসঙ্গে মিলেমিশে গেছে।'' – 'পুঁইমাচা' গল্প সম্পর্কে সমালোচকের এই বক্তব্য কতটা সঙ্গত বলে তুমি মনে করো ?

(গ) 'রস' গল্পের নামকরণ বিষয়ের সঙ্গে কতটা সঙ্গত বলতে তুমি মনে করো ?

(ঘ) 'নিমগাছ' গল্পের নাটকীয় তাৎপর্য ব্যাখ্যা করো।

——×——